স্বামী নিগমানন্দ পরমহংসদেব আশ্রমের সেবায়েত মহারাজের পরলোকগমন

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুরের স্বামী নিগমানন্দ পরমহংসদেব আশ্রমের সেবায়েত মহারাজের পরলোকগমন করেছেন।

আজ বিকেল চারটার (৪টা) সময়, ঢাকার বারডেম হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় দেহত্যাগ করেছেন, শ্রী শ্রী অখন্ডনন্দ ব্রহ্মচারী মহারাজ (৭৫)।

তিনি মেহেরপুর জেলার কুতুবপুর গ্রামের শ্রীমৎ স্বামী নিগমানন্দ পরমহংস দেবের পিতৃভূমি খ্যাত সারস্বত আশ্রমের সেবায়েত, দীক্ষাগুরু মহারাজ ছিলেন।

শ্রী শ্রী অখন্ডনন্দ ব্রহ্মচারী তাঁর বড় দাদা অচ্যুতানন্দ ব্রহ্মচারী মহারাজের নিকট দীক্ষা নিয়ে শ্রী শ্রী নিগমানন্দ, সদগুরু প্রবর্তিত “শংকের মত গৌরাঙ্গের পথ ” দর্শনের বিশ্বাসী হয়ে গৃহত্যাগী হয়ে সন্ন্যাসব্রর্তী হন। কালে কালে তাঁর ভক্তি, মেধা ও একনিষ্ঠতা দিয়ে হয়ে উঠেন আশ্রমের একজন প্রধান ভক্ত।

পরবর্তীতে তাঁর দাদা শ্রী শ্রী আখন্ডনন্দ ব্রহ্মচারী মহারাজ লোকায়িত হওয়ার পর গুরুধাম খ্যাত কুতুবপুর আশ্রম পরিচালনার দায়িত্ব গ্রহন করেন। তাঁর সময় কালে কুতুবপুর আশ্রমের প্রায় ধ্বংস প্রাপ্ত ঘরগুলি অপসারিত করে অধুনিক ভবন নির্মান করে আশ্রমের আমূল পরিবর্তন সাধন করেন। সেই সাথে বাংলাদেশ তথা সারা বিশ্বে “শংকরের মত গৌরাঙ্গের পথ” দর্শন কে আরো জনপ্রিয় করে তোলেন। তাঁর আমলেই শ্রী শ্রী নিগমানন্দ দর্শন দেশীয় পাঠ্যপুস্তকে স্থান পায়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের এই দর্শনের উপর গবেষণা চালু হয়।

শ্রী শ্রী অখন্ডনন্দ ব্রহ্মচারী মহারাজের দেহত্যাগের খবরে মেহেরপুর সহ বাংলাদেশ ও ভারতের সহস্র ভক্তের মাঝে শোকের ছায়া নেমে আসে। তাঁর মৃত্যুতে এই অস্থির বিশ্ব একজন সৎ, নির্লোভ অধ্যাত্মিক নমস্য ব্যাক্তিত্বকে হারাল, বলে মনে করেন স্থানীয় সুধীজনেরা।

তবে গুরুধামের ১৫০ জাল হয়ে যাওয়া জমি নিয়ে দীর্ঘ মামলা করেও নেয্য হিস্যা আশ্রমের কাছে ফিরিয়ে দিতে না পারার ব্যার্থতা ছিল তাঁর প্রাণ জুড়ে।

মেহেরপুরের সাহেবপুরে বিদ্যালয় ভিত্তিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ এবং বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশ তৈরি করতে আজ বুধবার সকাল ১০ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের ‘‘ সাহেবপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বিদ্যালয় ভিত্তিক পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

মো: সাজদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক মো: মিনারুল ইসলাম ।

এ সময় প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন প্রোগ্রাম ম্যানেজার মোছা: কাজল রেখা, পি.টি.এ সদস্য মো: বাবুর আলী ও ফারহানা খাতুন।

এ ছাড়া অনুষ্ঠানে এস.এম.সি, পি.টি.এ ও ওয়াচ গ্রুপের সদস্য সহ জনপ্রতিনিধগণ উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলার ৫ রোভারের ২৭তম মৃত্যু বার্ষিকী পালন

প্রতি বছরের ন্যায় এ বছরেও আজ পালন করা হচ্ছে শোকাবহ দিবস। ২৩ শে অক্টোবর মেহেরপুর সহ বাংলাদেশের রোভার স্কাউট সদস্যদের কাছে একটি শোকাবহ দিন । এই মর্মান্তিক সড়ক দুর্ঘটনা সমগ্র বাংলাদেশের রোভারদের জন্য শোকাবহ হয়ে ওঠে।

এই মর্মান্তিক দুর্ঘটনায় তৎকালীন মেহেরপুর সরকারি কলেজের শরীর চর্চা শিক্ষক ও রোভার লিডার রমজান আলী, মুজিবনগর কলেজের রোভার ইউনিট লিডার আনোয়ার স্যারসহ অনেকেই আহত হয় তার মধ্যে সবচেয়ে বেশি গুরুতর আহত হয় মেহেরপুর সরকারি কলেজের রোভার ফারুক হোসেন।

ঘটনাস্থলে নিহত হন রোভার মোঃ মাসুম হোসেন, রোভার মোঃ মনিরুল ইসলাম, রোভার মাহফুজুর রহমান মাহফুজ, রোভার জাভেদ ওসমান, পিএস ও রোভার এস এম আমিনুল ইসলাম।

মেহেরপুর জেলা রোভারের পক্ষ থেকে এই দিবসে বিভিন্ন কর্মসুচী পালন করা হয়েছে। সকল ৭ টায় পৌর কবরস্থানে শহীদ পরিবারের সদস্যদের আত্মার মাগফিরাত কামনায় দোয়া করা হয়। সকাল ৭.৩০ টায় কবি নজরুল শিক্ষা মঞ্জিলে অবস্থিত শহীদ রোভারদের স্বরণে স্মৃতিসৌধে পুষ্পমাল্য অর্পন করা হয়। এছাড়া বাদ আসর সরকারী কলেজ জামে মসজিদে মিলাদ মাহফিল অনুষ্ঠিত হবে।

কর্মসুচীতে উপস্থিত ছিলেন জেলা রোভারের সহ-সভাপতি নুরুল আহমেদ, সম্পাদক ফররুখ আহমেদ, কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, যুন্ম সম্পাদক আলমগীর হোসেন, সহকারী কমিশনার জাহির হোসেন চঞ্চল, গাংনী সরকারী ডিগ্রী কলেজের ইউনিট লিডার আসাদুজ্জামান, সেই সময়ের সবচেয়ে আহত রেভার ফারুক হোসেন, খুলনা বিভাগীয় রোভার মেট প্রতিনিধি অনিক ইসলাম, শহীদ রোভার মনিরুলের পিতা শহিদুল ইসলাম, শহীদ রোভার মাসুমের ভগ্নিপতি লিটন,শহীদ রোভার জাভেদ ওসমানের ভাই রাসেদ ওসমানসহ শহীদ পরিবারের সদস্য ও জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের রোভাররা উপস্থিত ছিলেন।

আহত রোভার ফারুক হোসেন বলেন, বাংলাদেশ রোভার অঞ্চলের সম্মানিত স্যাররা সবসময় আমার সমস্ত দায়িত্ব নিয়ে আমার পাশে থেকে সহযোগিতা করেছেন। আমি আল্লাহর অশেষ রহমতে সকল প্রতিবন্ধকতাকে জয় করে

লেখাপড়া সম্পন্ন করেছি। তিনি আরও বলেন, স্কাউটস আমার প্রাণ, আমার বাঁচার অনুপ্রেরণা। ফারুক হোসেন বর্তমানে কাব শাখায় এএলটু সম্পন্নকারী।

এ দিবসে জেলা রোভারের সম্পাদক ও ছহিউদ্দিন ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক ফররুখ আহমদ বলেন, ১৯৯৭ সালের ২৩ অক্টোবর সপ্তম এশিয়া প্যাসিফিকে যাওয়া মৃত্যু দিবসে তাদের আত্মার মাগফিরাত কামনা করি এবং সেই সাথে বিপির যে আদর্শ “পৃথিবীকে যেমন পেয়েছো তার চাইতে সুন্দর করে রেখে যেতে চেষ্টা করবে” সেই প্রত্যয়কে বুকে ধারণ করে আজকের যুবসমাজ দেশকে আগামীর পথে এগিয়ে নেবে। তিনি জানান, বাংলাদেশ স্কাউটস এর রোভার অঞ্চল সবসময় শহীদ রোভার পরিবারের সদস্যদের পাশে থাকবে।

মেহেরপুর জেলা রোভারের সহসভাপতি নুরুল আহমেদ বলেন, ২৩ শে অক্টোবর মেহেরপুর তথা রোভার স্কাউটসদের জন্য অত্যন্ত শোকাবহ দিন। প্রতিবছর এই দিন আসলে স্বরণ করিয়ে দেয় মেহেরপুর জেলার পাঁচজন শহীদ রোভারের নাম যারা ১৯৯৭ সালের এই দিনে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছিল। আজ যদি রোভার সদস্যরা বেঁচে থাকতো তবে দেশের কল্যাণে তারা কাজ করতো। তিনি সড়ক দুর্ঘটনায় নিহত রোভার সদস্যদের জন্য দোয়া ও তাদের আত্মার মাগফিরাত কামনা করেছেন।

মেহেরপুরে সাড়ে ৩১ হাজার কিশোরী পাবে এইচপিভি টিকা

জরায়ু মুখের ক্যান্সার প্রতিরোধে মেহেরপুরে সাড়ে ৩১ হাজার জনের বেশি কিশোরীকে বিনামূল্যে এইচপিভি টিকা দেওয়া হবে। মেহেরপুর সিভিল সার্জন অফিসের মাধ্যমে আগামী ২৪ অক্টোবর থেকে মাসব্যাপী এ বিশেষ টিকা কার্যক্রম চলবে।

এ উপলক্ষে আজ বুধবার (২৩ অক্টোবর) সকাল ১০ টার সময় সিভিল সার্জন হল রুমে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়। সংবাদ সম্মেলনে সিভিল সার্জন ডাক্তার মহী উদ্দিন আহম্মেদ গণমাধ্যম কর্মীদের এ তথ্য জানান।

সংবাদ সম্মেলনে এইচপিভি ক্যাম্পেইন বিষয়ে সার্বিক কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক। এসময় এই কর্মসূচির তত্বাবধায়ক ডাক্তার খোন্দকার ইমরান হাসিব উপস্থিত ছিলেন।

আগামী ২৪ অক্টোবর থেকে ৬ নভেম্বর পর্যন্ত ৫ম শ্রেণীতে অধ্যয়নরত ৬ হাজার ৬৯৬ জন, ষষ্ঠ শ্রেণীতে অধ্যায়ণরত ৬ হাজার ২৪৬ জন, সপ্তম শ্রেণির ৬ হাজার ৩৩৮ জন, অষ্টম শ্রেণির ৬ হাজার ১১১ জন, নবম শ্রেণির ৫ হাজার ৯৩৯ জন, প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন ৪১ ছাত্রীকে টিকা প্রদান করা হবে।

এছাড়াও ৭ নভেম্বর থেকে ২৪ নভেম্বর পর্যন্ত ১০ থেকে ১৪ বছর বয়সী শিক্ষাপ্রতিষ্ঠান বহির্ভূত ২০২ জন কিশোরীদের টিকা প্রদান করা হবে।

মেহেরপুরে এইচপিভি টিকাদান কর্মসূচী উপলক্ষে কর্মশালা ও পরিকল্পনা সভা

মেহেরপুরে এইচপিভি টিকাদান কর্মসূচী ২০২৪ উপলক্ষে কর্মশালা ও পরিকল্পনা সভা আয়োজন করা হয়েছে।

আজ বুধবার (২৪ অক্টোবর) সকাল দশটার সময় মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশন ও জেলা মডেল মসজিদ ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে এইচপিভি টিকাদান কর্মসূচী ২০২৪ উপলক্ষে কর্মশালা ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়।

ইসলামী ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মহী উদ্দিন আহমেদ, জেলা তথ্য অফিসার মোঃ আব্দুল্লাহ আল মামুন ও

মেডিকেল অফিসার ডাঃ ইনজামুল হক।

ইসলামী ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজার মোঃ আমানুল্লাহার সঞ্চালনায় স্বাগত বক্তব্য রাখেন মেহেরপুর ইসলামিক ফাউন্ডেশন ফিল্ড অফিসার ওবাইদুর রহমান।

এই সময় আরো উপস্থিত ছিলেন জেলা মডেল মসজিদের ইমাম সাদিকুর রহমান, গাংনী উপজেলা মডেল মসজিদের ইমাম জাহিদুর রহমান।

কর্মশালা ও পরিকল্পনা সভায় পবিত্র কোরআন তেলাওয়াত করেন ইসলামিক ফাউন্ডেশনের মাস্টার ট্রেইনার মাওলানা মোঃ আব্দুল হামিদ।

পরে মেহেরপুর জেলা এইচপিভি ক্যাম্পেইন ঠিকাদান কার্যক্রম জোরদারকরণের নিমিও এ কর্মশালা ৪০ জন অংশগ্রহণ করে

মেহেরপুরে সেনাবাহিনীর অভিযানে বিদেশী পিস্তলসহ ৩ জন আটক

মেহেরপুরের মুজিবনগরে অভিযান চালিয়ে ইটালি তৈরী একটি অত্যাধুনিক ম্যাগজিন ও পিস্তলসহ ৩ জনকে আটক করেছে মেহেরপুর অবস্থানরত বাংলাদেশ সেনাবাহিনীর একটি টিম।

আজ বুধবার (২৩ অক্টোবর) সকালে মেহেরপুর শহরের স্টেডিয়াম পাড়ায় জনৈক বাবলুর বাড়ি পাশ থেকে পিস্তলটি উদ্ধার করা হয়।
আটকরা হলেন, মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের মহাসিন আলীর ছেলে আওয়ামীলীগ সমর্থক কাঠমিস্ত্রি সাইফুল ইসলাম(৩২), দারিয়াপুর গ্রামের কাওসার আলীর ছেলে পেশাদার চোর এনামুল হক (৩৫) এবং একই গ্রামের মিন্টু আলীর ছেলে বিএনপি সমর্থক সাইফুল ইসলাম (৩২)।

বাংলাদেশ সেনাবাহিনী ২৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের মেজর জাহিনের নেতৃত্বে অভিযান চালিয়ে অস্ত্রসহ এই তিনজনকে আটক করা হয়।

স্থানীয়রা জানান, দারিয়াপুর গ্রামের আটক এনামুল হকের বিরুদ্ধে চুরিসহ বিভিন্ন অপকর্মের অভিযোগ রয়েছে। সে এর আগেও এলাকায় কয়েকটি দোকানে চুরি করে ধরা পড়েছিল। এনিয়ে তার বিরুদ্ধে একাধিকবার শালিস বৈঠক ও জরিমানা করা হয়েছে।

মেহেরপুর সেনাবাহিনীর সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে গেলোরাতে বাংলাদেশ সেনাবাহিনী ২৭ ফিল্ড আর্টিলারি রেজিমেন্টের মেজর জাহিনের নেতৃত্বে একটি টিম মুজিবনগর উপজেলার জতারপুর গ্রামের সাইফুল ইসলাম, একই উপজেলার দারিয়াপুর গ্রামের এনামুল হক ও অপর সাইফুল ইসলামকে আটক করে। তাদের আটকের জিজ্ঞাসাবাদের এক পর্যায়ে অস্ত্রের কথা স্বীকার করেন। তাদের দেওয়া স্বীকারোক্তি অনুযায়ী শহরের স্টেডিয়ামপাড়া এলাকার ঝটকার ছেলে বাবলুর বাড়ির পাশ থেকে ইটালি তৈরি ম্যাগাজিনসহ একটি অত্যাধুনিক পিস্তল উদ্ধার করেন।

এঘটনায় অস্ত্র আইনে মামলা দিয়ে মেহেরপুর থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

মুজিবনগরে গ্রাম আদালত প্রকল্পের অগ্রবর্তী পরিদর্শন

মেহেরপুরের মুজিবনগরে গ্রাম আদালত প্রকল্পের অগ্রবর্তী পরিদর্শন করেছেন জাতীয় প্রজেক্ট কো-অর্ডিনেটর বিভাস চক্রবর্তী।

মঙ্গলবার সকাল সাড়ে এগারোটার দিকে উপজেলার মহাজনপুর ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত প্রকল্পের কার্যক্রম পরিদর্শনকালে ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান, ইউনিয়ন প্রশাসনিক কর্মকর্তা, হিসাব সহকারী ও অন্যান্য মেম্বারদের সাথে গ্রাম আদালত এর কার্যক্রম নিয়ে আলোচনা করেন। এবং মামলার লতি পর্যবেক্ষণ, একলাস পরিদর্শন করেন।

এ সময় গ্রাম আদালতের সেবা পেয়েছে এমন উপকার ভোগীদের সাক্ষাৎকার

গ্রহণ করেন।

পরিদর্শনকালে উপস্থিত ছিলেন, বাংলাদেশ গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্পের প্রজেক্ট কো-অর্ডিনেটর শংকর পাল, গ্রাম আদালত ইউএনডিপির প্রজেক্ট এনালিস্ট শরিফা পারভীন, গ্রাম আদালত বাস্তবায়ন কমিটির জেলা ব্যবস্থাপক আসাদুজ্জামান, মুজিবনগর উপজেলা সমন্বয়কারী শাকিলুজ্জামান, প্রকল্প সমন্বয়কারী নজরুল ইসলাম।

পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলামের সাথে গ্রাম আদালতের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেন।

মুজিবনগরে পল্লী সঞ্চয় ব্যাংকের উঠান বৈঠক অনুষ্ঠিত

মুজিবনগরে উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংকের উদ্যোগে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার (২২ অক্টোবর) দুপুরে উপজেলার বাগোয়ান ইউনিয়নের ভবেরপাড়া গ্রামে পল্লী সঞ্চয় ব্যাংকের একটি বাড়ি একটি খামার সমিতির উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

উঠান বৈঠকে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুরের জেলা প্রশাসক সিফাত মেহেনাজ।

উঠান বৈঠকে উপস্থিত মহিলাদের উদ্দেশ্যে প্রধান অতিথি বলেন, আপনাদের সন্তানদের দেখে শুনে রাখবেন বর্তমান সমাজে অনলাইন জুয়া, মাদক এবং বাল্যবিবাহে বিস্তার ঘটছে এগুলো থেকে আপনি দূরে থাকবেন আপনার সন্তানকেও থেকে দূরে রাখবেন। ১৮ বছর বয়স হওয়ার আগে আপনাদের সন্তানদের মোটর বাইক কিনে দিবেন না কারণ মোটরবাইকে দুর্ঘটনা ঘটলে আপনার সন্তানদের অনেক বড় ক্ষতি হয়ে যেতে পারে এমনকি আপনি আপনার সন্তানকেও হারাতে পারেন তাই তাদেরকে বোঝাবেন এবং তাদের প্রতি খেয়াল রাখবেন তারা যেন মাদকাসক্ত না হয়ে পড়ে এবং অনলাইন জুয়ায় যেন জড়িয়ে না পড়ে।

সময় উঠান বৈঠকে উপস্থিত ছিলেন, পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা ব্যবস্থাপক আলমগীর কবির, মুজিবনগর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, পল্লি সঞ্চয় ব্যাংকের জুনিয়র অফিসার মুছারুউদ্দিন সহ কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং একটি বাড়ি একটি খামারের সদস্যাবৃন্দ।

মুজিবনগরে তারানগর গ্রাম বিএনপির আয়োজনে দোয়া ও আলোচনা সভায়

তিনি বিএনপি’র নেতাকর্মীদের উদ্দেশ্যে বলেন,ছাত্রজনতার আন্দোলনের মধ্য দিয়ে মহান আল্লাহ তাআলার আশীর্বাদ স্বরূপ আমরা ফ্যাসিবাদী আওয়ামী লীগ সরকারের জুলুম নির্যাতন থেকে মুক্তি পেয়ে একটি নতুন দেশ পেয়েছি। এই দেশ গঠনে পুলিশ বিজিবি, র্যাব, সেনাবাহিনী এবং সিভিল প্রশাসনের পাশে থেকে দেশ গঠনে তাদের সহযোগিতা করে যেতে হবে।

দুর্নীতিবাজ খুনি শেখ হাসিনার আওয়ামী সরকারের দীর্ঘদিনের জুলুম নির্যাতন, গুম খুন হামলা মামলা সহ্য করে জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে আরও শক্তিশালী হয়েছে মেহেরপুর জেলা বিএনপি। বিগত ১৭ বছরে আওয়ামী লীগ সরকারের সময়ে বাংলাদেশের মানুষের কোন বাক স্বাধীনতা ছিল না। বাংলাদেশের মানুষ তাদের অধিকার নিয়ে কথা বলতে পারত না। বিগত বছর গুলোতে আমরা দেখেছি আওয়ামী লীগের নেতারা কি ছিল জনগনের হক মেরে আজ তারা কোটি টাকার মালিক। আমি সেইসকল আওয়ামীলীগ নেতাকর্মীদের বলতে চাই আপনারা বিগত ১৬টি বছরে যে সকল অপকর্ম , দুর্নীতি করে হাজার কোটি টাকার মালিক হয়েছেন, সেই সকল অপকর্ম, দুর্নীতির প্রমাণ আমাদের হাতে আছে তাই আপনারা চুপ থাকুন বেশি বাড়াবাড়ি করবেন না।

আপনারা বিল খেয়েছেন পুকুর খেয়েছেন ভিজিএফ এর চাল খেয়েছেন বিধবা ভাতা দেওয়ার নাম করে টাকা খেয়েছেন টিসিবির চাল খেয়েছেন সব আমাদের জানা এগুলা এখন দরিদ্র অসহায় মানুষ আছে যারা তারা খাবেন কোনরকম

মেহেরপুরের আমঝুপিতে মহিলাসহ দুইজনকে পিটিয়ে জখম, থানায় মামলা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপিতে জমি সংক্রান্ত বিরোধের জের ধরে রোজিনা খাতুন ও মনিরুল ইসলাম নামের দুজনকে বেধড়ক মারপিট করার ঘটনায় মামলা দায়ের করা হয়েছে।

গত ২০ অক্টোবর রাতে রোজিনা খাতুন বাদী হয়ে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেন। মামলায় আসামি করা হয়েছে, আমঝুপি উত্তরপাড়ার আব্দুল লতিফ, তার ছেলে মেহেদী হাসান ও আমির হাসান হিমেলকে। মামলায় অজ্ঞাত আরও ১০/১২ জনকে আসামি করা হয়েছে।

মামলার বাদী রোজিনা খাতুন এজাহারে উল্লেখ করেন, আসামিদের সাথে জমিজমার বিষয় নিয়ে পূর্ব হইতে বিরোধ চলে আসছে। আসামিরা প্রতিনিয়ত তাদের বিভিন্নভাবে হেও প্রতিপন্নসহ খুন-জখমের হুমকি প্রদান করিয়া আসিতেছে। জমিজমা সংক্রান্তে আসামিদের বিরুদ্ধে মেহেরপুর আদালতে মামলা দায়ের করলে আদালত ১৪৫ ধারা জারি করিয়া স্ব-স্বস্থানে থাকার জন্য উভয়পক্ষকে নোটিশ প্রদান করে। আসামিরা আদালতের আদেশ অমান্য করে গত ২০ অক্টোবর দুপুরের দিকে তাদের ভাড়াকরা গুন্ডা বাহিনী নিয়ে বাদীর দখলীয় জমিতে অনধিকার প্রবেশ করে জোর পূর্বক বাড়ী নির্মাণ করতে যায়। এসময় বাদী বাধা প্রদান করলে আসামিরা একত্রে বাদীকে উদ্দেশ্যে করিয়া বিভিন্ন রকম খারাপ ভাষায় গালিগালাজ করে। বাদী আসামিদেরকে গালিগালাজ করিতে নিষেধ করলে আসামি মেহেদী হাসান মারতে হুকুম দিলে আসামি আমির হাসান দৌড়ে এসে আমাকে এলোপাতাড়ি কিল-ঘুষি মারতে থাকে এবং আমার মাথার চুল চেপে ধরে মাটিতে টানাহেচড়া করে নিয়ে বেড়ায় ও আমার পরনের কাপড়-চোপড় বিবস্ত্র করে শ্লীলতাহানী করে। তখন আমার চিৎকারে আমার দেবর মনিরুল ইসলাম চঞ্চল আমাকে উদ্ধার করতে যায়।

এসময় আসামি আমির হাসান হিমেল ও আব্দুল লতিফ বাঁশের লাঠি দিয়ে এলোপাতাড়ি আঘাত করিয়া শরীরের বিভিন্নস্থোনে আঘাত করে জখম করে। ওই আঘাতের ফলে আমি মাটিতে পড়ে গেলে আসামী মেহেদী হাসান তার হাতে থাকা বাঁশের লাঠি দিয়ে হত্যার উদ্দেশ্যে মাথা বরাবর আঘাত করতে গেলে আমি আমার মাথা সরিয়ে নিলে আমার ডান চোখের উপরে লেগে আমার

চোখ অন্ধ হওয়ার উপক্রম হয়। আমাদের চিৎকারে আশেপাশের লোকজন ছুটে আসলে আসামিরা পালিয়ে যায় এবং আমাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসে।